## ডুয়ার্স কাঁপছে চিতাবাঘের হানায়

# ভয়ে পড়ুয়া কম স্কুলে

নীহাররঞ্জন ঘোষ

**মাদারিহাট, ১৬ সেপ্টেম্বর :** চিতাবাঘের আতঙ্কে ফাঁকা মঙ্গলবারের স্কুল। সোমবার দুপুরে খাউচাঁদপাড়ায় চিতাবাঘের আক্রমণে জখম হয়েছিলেন এক বৃদ্ধা। পাশেই রয়েছে খাউচাঁদপাড়া ২ নম্বর এসপি প্রাথমিক বিদ্যালয়। চিতাবাঘের ভয়ে মঙ্গলবার বেশিরভাগ পড়ুয়া স্কুলে আসেনি। উপস্থিতির হার ছিল হাতেগোনা। যারা এসেছিল তাদের আবার স্কুলের প্রধান শিক্ষক ও অন্য শিক্ষকরা আগলে রেখেছিলেন। কাউকে সামনেই থাকা খেলার মাঠেও যেতে দেওয়া হয়নি। এই নিয়ে স্কুলের প্রধান শিক্ষক আশাপূর্ণ মণ্ডল বললেন, 'সমস্ত ঘটনা ফালাকাটার অবর বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক)-কে জানানো হয়েছে। স্কুলের মোট ৬১ জন ছাত্রছাত্রীর মধ্যে এদিন মাত্র ১৫-১৬ জন এসেছিল।'

এদিন স্কুলে গিয়ে দেখা গেল যেসব ছাত্রছাত্রী এসেছে তাদের স্কুলে পৌঁছে দিতে এসেছেন অভিভাবকরা। স্কুলে সারাদিন প্রধান শিক্ষক ও অন্য শিক্ষকরা সকলের ওপর নজর রেখেছিলেন। ছাত্রছাত্রীরাও শিক্ষক ও শিক্ষিকাদের চোখের আড়াল হয়নি। ছাত্রী মন্দিরা কার্জি, স্মৃতিকা বর্মন সকলেই আতঙ্কিত। মন্দিরা বলল, 'আমাদের অনেক বন্ধু ভয়ে স্কুলে আসেনি।' নিরাপত্তার বিষয়ে প্রধান শিক্ষক জানালেন, স্কুলের চারদিক খোলা। শৌচালয় একটু দূরে। ছাত্রছাত্রীদের সবসময় আগলে রাখা মুশকিল। বৃহস্পতিবার অভিভাবকদের নিয়ে একটি মিটিং করা হবে। সেখানে স্কুলের ৪ দিকে সীমানা প্রাচীর তৈরি নিয়ে আলোচনা করা হবে। সকলের মিলিত সিদ্ধান্ত


পড়ুয়াদের সঙ্গে প্রধান শিক্ষক আশাপূর্ণ মণ্ডল। -সংবাদচিত্র

ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে।

অপর এক শিক্ষক রামেশ্বর মণ্ডল ২০ বছর ধরে ওই স্কুলে শিক্ষকতা করছেন। তিনি জানালেন, এইভাবে এর আগে চিতাবাঘের আতঙ্ক কখনও দেখা যায়নি। তাঁর কথায়, 'আমরা খুব নিরাপত্তার অভাববোধ করছি। বন দপ্তর থেকে বনকর্মীদের পাঠানোর কথা থাকলেও কেউ আসেননি। সেইজন্য আমরা আরও ভয়ে রয়েছি।' এদিকে স্কুলেরই এক পড়ুয়ার অভিভাবক কৃষ্ণধন দাস বললেন, 'আমার ছেলেকে এদিন স্কুলে পাঠাইনি। কোন ভরসায় পাঠাব? স্কুলের চারদিক খোলা। তাই আমাদের দাবি, অবিলম্বে একটি সীমানা প্রাচীর দেওয়া হোক।' বিকাশ কার্জি নামে এক অভিভাবকও মঙ্গলবার তাঁর মেয়েকে স্কুলে পাঠাননি। তাঁর কথায়, 'যেভাবে দিনেরবেলায় চিতাবাঘ বাড়িতে ঢুকে আক্রমণ করছে, তাতে এখন আমাদের বসবাস করাই কঠিন হয়ে যাচ্ছে।'

যদিও এদিন নিরাপত্তার জন্য বনকর্মীদের আসার বিষয়ে জলদাপাড়া পশ্চিম রেঞ্জের রেঞ্জ অফিসার অয়ন চক্রবর্তীকে ফোন করা হলেও তাঁকে পাওয়া যায়নি। এদিকে ফালাকাটার অবর বিদ্যালয় পরিদর্শক রাজা ভৌমিক বললেন, 'আমি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষককে বলেছি, অভিভাবকদের নিয়ে মিটিং করে সীমানা প্রাচীর তৈরির ব্যাপারে সিদ্ধান্ত নিতে। আর যতদিন পর্যন্ত সীমানা প্রাচীর না হচ্ছে ততদিন শিক্ষকরাই ছাত্রছাত্রীদের নজরে রাখবেন।' অপরদিকে সোমবার মাদারিহাট গ্রামীণ হাসপাতালের চিকিৎসক মুকুন্দ মজুমদার জানান, চিতাবাঘের আক্রমণে জখম মহিলার এদিন সামান্য উন্নতি হয়েছে। তবে তিনি এখনও হাসপাতালে ভর্তি রয়েছেন।

**আতঙ্ক**

- সোমবার দুপুরে খাউচাঁদপাড়ায় চিতাবাঘের আক্রমণে জখম হয়েছিলেন এক বৃদ্ধা
- পাশেই খাউচাঁদপাড়া ২ নম্বর এসপি প্রাথমিক স্কুল
- এদিন স্কুলের মোট ৬১ জন ছাত্রছাত্রীর মধ্যে মাত্র ১৫-১৬ জন এসেছে



" সমস্ত ঘটনা ফালাকাটার অবর বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক)-কে জানানো হয়েছে। স্কুলের মোট ৬১ জন ছাত্রছাত্রীর মধ্যে এদিন মাত্র ১৫-১৬ জন এসেছে।

**আশাপূর্ণ মণ্ডল**
*প্রধান শিক্ষক*

## বাড়ির সামনে থেকে তুলে নিল কিশোরকে

শুভজিৎ দত্ত

**নাগরাকাটা, ১৬ সেপ্টেম্বর :** খুটাবাড়ি কাণ্ডের পর এখনও এক মাসও কাটেনি। ফের বাড়ির সামনে থেকে নাবালককে তুলে নিয়ে গেল চিতাবাঘ। পরে ছেলেটির রক্তাক্ত খোবলানো দেহ উদ্ধার করে সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে তাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক। বৃহস্পতিবার সন্ধ্যায় নাগরাকাটার আংরাভাসা-১ গ্রাম পঞ্চায়েতের খেরকাটা গ্রামে এই ঘটনায় বন দপ্তরের বিরুদ্ধে ফুঁসছেন গ্রামের মানুষ। মৃত বালকের নাম অস্মিত রায় (১৩)। সে খয়েরবাড়ি মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের ষষ্ঠ শ্রেণির ছাত্র ছিল। ঘটনার পর হাসপাতালে জড়ো হওয়া এলাকার বাসিন্দারা বন দপ্তরের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ তুলে তুমুল বিক্ষোভ দেখায়। পরিস্থিতি সামাল দিতে আসেন জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) সমীর আহমেদ, মালবাজারের এসডিপিও রোশন প্রদীপ দেশমুখ, নাগরাকাটা থানার আইসি কৌশিক কর্মকার সহ অন্য পুলিশ আধিকারিকরা।

বন দপ্তরের খুনিয়া রেঞ্জ অফিসার সজল দে বলেন, 'অত্যন্ত মর্মান্তিক ঘটনা। এমনটা যাতে আর না হয় সেজন্য সর্বাত্মক চেষ্টা করা হবে। সচেতনতা আরও বাড়ানো হবে।'

অস্মিত এদিন সন্ধ্যায় খাওয়াদাওয়ার পর মুখ ধুতে বেরিয়েছিল। সে সময় আগে থেকেই ঘাপটি মেরে থাকা একটি চিতাবাঘ তার ওপর ঝাঁপিয়ে পড়ে। টুঁটি কামড়ে টেনে নিয়ে যেতে থাকে। বিষয়টি প্রথম দেখেন বাড়ি লাগোয়া একটি দোকানের মালিক সিকান্দার আলম। সুলকাপাড়া গ্রামীণ হাসপাতালে তিনি বলেন, 'এমন দৃশ্য দেখে নিজেকে আর ঠিক রাখতে পারিনি। চিৎকার চ্যাঁচামেচি শুরু করলে চিতাবাঘটি অস্মিতকে কলা গাছের পাশে ঝোপে ফেলে দিয়ে পালিয়ে যায়। রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে বাইকে করে ৭ কিলোমিটার দূরের হাসপাতালে নিয়ে আসি।' মৃত অস্মিতের পরিবার অত্যন্ত দুঃস্থ। তাঁর বাবা শত্রুঘ্ন রায় পেশায় দিনমজুর। মা প্রমীলা রায় ওরাওঁ গৃহবধূ। ছেলের এমন পরিণতি দেখে হাসপাতালের বাইরে অঝোরে কেঁদে যাচ্ছিলেন বাবা। কথা বলার মতো পরিস্থিতিতেও ছিলেন না। খেরকাটার সুরজ ছেত্রী নামে এক বাসিন্দা বলেন, একের পর এক এরকম ঘটনা ঘটে যাচ্ছে। কয়েকটা খাঁচা পেতেই ওদের দায়িত্ব শেষ।

এর আগে গত বছর ১৯ অক্টোবর একইভাবে ওই গ্রাম থেকে সুশীলা গোয়ালা নামে এক চতুর্থ শ্রেণির ছাত্রীকে চিতাবাঘ তুলে নিয়ে যায়। এক কিলোমিটার দূরে তার মৃতদেহ উদ্ধার হয়েছিল। চলতি বছরের ২৭ অগাস্ট নাগরাকাটার আংরাভাসা-২ গ্রাম পঞ্চায়েতের খুটাবাড়ি গ্রাম থেকে মহম্মদ করিমুল হক নামে এক নাবালককে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে গিয়েছিল একটি চিতাবাঘ। তার আগে চলতি বছরেরই ১৮ জুলাই নাগরাকাটারই কলাবাড়ি চা বাগানের হুলাশ লাইনে সাড়ে তিন বছরের একটি শিশুকে তুলে নিয়ে যায় একটি বুনো।

## বাইকের ধাক্কায় মৃত্যু

**হাসিমারা, ১৬ সেপ্টেম্বর :** বাড়ির পাশের দোকানে বিস্কুট কিনতে গিয়েছিল নয় বছর বয়সি রিংকিকুমারী শা। ফেরার পথে বাইকের ধাক্কায় মৃত্যু হয় তার। ওই বাইকচালক পালিয়ে যায়। ঘটনাটি সোমবার হাসিমারার ১০ নম্বর এলাকায় ঘটেছে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। মঙ্গলবার পুলিশ রিংকির দেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠিয়েছে।

# নালা উপচে নোংরা জল শিশুবাড়িতে

মোস্তাক মোরশেদ হোসেন

**রাঙ্গালিবাজনা, ১৬ সেপ্টেম্বর :** নিকাশিনালা সাফাই করা হয়নি দীর্ঘদিন। ফলে আবর্জনার স্তূপে মজে গিয়েছে নিকাশিনালা। বৃষ্টি হলেই নালা উপচে নোংরা জলে ভাসছে মাদারিহাট-বীরপাড়া ব্লকের শিশুবাড়ির মাঠপাড়া। নোংরা জল, আবর্জনা ঢুকছে ঘরে ঘরে। কৃষিজমিতেও জমছে আবর্জনা। লাটে চাষাবাদ। মঙ্গলবার এনিয়ে ক্ষোভ উগরে দিয়ে রাঙ্গালিবাজনা গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের ভূমিকায় প্রশ্ন তোলেন ভুক্তভোগীরা। এদিকে গ্রাম পঞ্চায়েতের স্থানীয় বিজেপি সদস্য সান্ত্বনা মণ্ডলের বক্তব্য, 'গত বছর ১ লক্ষ ৯৬ হাজার টাকায় নিকাশিনালা সাফাই করা হয়। কিন্তু স্থানীয় কিছু লোকজন বাধা দেওয়ায় নালার মুখটি সাফাই করা সম্ভব হয়নি। তাই সমস্যা হচ্ছে।'

ভুক্তভোগীদের অভিযোগ, শিশুবাড়িহাটের আবর্জনার একটা বড় অংশ ফেলা হয় হাট এলাকার নিকাশিনালায়। তবে সবচেয়ে বেশি সমস্যা বসাকপাড়া থেকে মাঠপাড়া পর্যন্ত মূল নিকাশিনালাটি নিয়ে। একসময় নাককাটি ঝোরায় সেচবাঁধ ছিল। সেচবাঁধে ঝোরার জল স্ফীত করে বসাকপাড়া এবং মাঠপাড়ার নিকাশিনালা দিয়ে সেচের জন্য পাঠানো হত এলাকার কৃষিজমিতে। কয়েক বছর আগে সেচবাঁধটি ভেঙে যায়। সেটি আর পুনর্নির্মাণ করা হয়নি। এরপর থেকে ধীরে ধীরে আবর্জনায় মজে যায় নিকাশিনালাটি।

মঙ্গলবার মাঠপাড়ার কৌশিক দত্ত বলছিলেন, 'আমরা বারবার পঞ্চায়েত সদস্যকে নিকাশিনালা সাফাইয়ের আবেদন করছি। অথচ কাজ হচ্ছে না। নিকাশিনালাটিকে


শিশুবাড়ির মাঠপাড়ার নিকাশিনালার বর্তমান দশা। -সংবাদচিত্র

" গত বছর ১ লক্ষ ৯৬ হাজার টাকায় নিকাশিনালা সাফাই করা হয়। কিন্তু স্থানীয় কিছু লোকজন বাধা দেওয়ায় নালার মুখটি সাফাই করা সম্ভব হয়নি। তাই সমস্যা হচ্ছে।

**সান্ত্বনা মণ্ডল**
*পঞ্চায়েত সদস্য*

আড়াআড়িভাবে অতিক্রম করেছে পানীয় জল সরবরাহের লাইন। বৃষ্টি হলে নালায় ভেসে আসা আবর্জনার চাপে পাইপ ভেঙে যাচ্ছে। সোমবারও পাইপ ভেঙে যায়। মঙ্গলবার সেটি মেরামত করা হয়।'

নালা ঘেঁষে একটি সরু রাস্তা রয়েছে। ওই রাস্তাটি মোহিনী কর, চন্দ্রসেন পোদ্দার, গোবিন্দ সরকারদের যাতায়াতের ভরসা। মঙ্গলবার দেখা গেল, নালার নোংরা জলে এঁদো হয়ে গিয়েছে রাস্তাটি। চলাই দায়। এরই মধ্যে আরেক সমস্যা নিয়েও ক্ষুব্ধ স্থানীয়রা। কারণ নিকাশিনালা জবরদখল শুরু হয়েছে। ইতিমধ্যেই নালার ওপর তৈরি করা হয়েছে একটি ঘর। স্থানীয় বাসিন্দাদের কয়েকজন এনিয়ে প্রতিবাদও করলেও লাভ হয়নি। স্থানীয় পঞ্চায়েত সদস্যের প্রতিক্রিয়া, 'নিকাশিনালার ওপর ঘরবাড়ি তৈরি করা হলে নালায় জলপ্রবাহে বাধা সৃষ্টি হওয়াই স্বাভাবিক। তাই নালার ওপর বাড়ি তৈরিতে আপত্তি করা হয়। কিন্তু ওঁরা মানেননি। উলটে ঝগড়াঝাঁটি করেন।'

এদিকে নালার জলে আবর্জনা ভেসে গিয়ে জমছে মনু বসাক, নরেশ সোমদের জমিতে। ক্ষুব্ধ তাঁরাও। বীথিকা করের অভিযোগ, 'কিছুক্ষণ বৃষ্টি হলে নালা উপচে রান্নাঘরেও জল ঢুকে পড়ে। এছাড়া দিনের পর দিন নোংরা জল জমে থাকায় নিকাশিনালাটি মশামাছির আঁতুড়ে পরিণত হয়েছে।' একই বক্তব্য অঞ্জলি সূত্রধরেরও।

## দেহ উদ্ধার

**কুমারগ্রাম, ১৬ সেপ্টেম্বর :** কুমারগ্রাম ব্লকের চ্যাংমারি গ্রাম পঞ্চায়েতের হেমাগুড়ি দক্ষিণ চ্যাংমারি থেকে মঙ্গলবার এক তরুণের ঝুলন্ত দেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়াল। মৃতের নাম পঙ্কজ মোচারি (২৪)। এদিন সকালে গোরু বের করতে গিয়ে তরুণের কাকা নীরেন মোচারি গোয়ালে তাঁর ঝুলন্ত দেহ দেখতে পান। পুলিশ এসে দেহ উদ্ধার করে কুমারগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। অস্বাভাবিক মৃত্যু মামলা রুজু করে ময়নাতদন্তে পাঠানো হয় দেহ। মৃতের কাকা জানান, সোমবার রাত সাড়ে ১০টায় পঙ্কজের সঙ্গে শেষ কথা হয়েছিল। তাঁর মনোরোগের চিকিৎসা চলছিল।

## নরেন্দ্র কাপ

**সোনাপুর, ১৬ সেপ্টেম্বর :** আলিপুরদুয়ার-১ ব্লকের বাবুরহাট খেলার মাঠে আলিপুরদুয়ার জেলার নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্ট চলছে। মঙ্গলবার ওই এলাকায় খেলা দেখতে আসেন কেন্দ্রীয় প্রাক্তন শিক্ষা প্রতিমন্ত্রী ডাঃ সুভাষ সরকার। জেলা বিজেপির পক্ষ থেকে এই টুর্নামেন্ট আয়োজন করা হয়েছে। প্রতিদিনই সেখানে বিজেপির নেতারা উপস্থিত থাকছেন। এদিন নরেন্দ্র কাপ ফুটবল টুর্নামেন্টে কোয়ার্টার ফাইনাল ও সেমিফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। সেখানে জেলা বিজেপি সভাপতি মিঠু দাসও উপস্থিত ছিলেন। সেখানে সুভাষ বিজেপির নেতাদের সঙ্গে সাংগঠনিক আলোচনাও করেন।

## আবির্ভাব দিবস

**মাদারিহাট, ১৬ সেপ্টেম্বর :** ঠাকুর অনুকূলচন্দ্রের ১৩৮তম আবির্ভাব দিবস পালিত হল মাদারিহাটে। মাদারিহাট সৎসংঘ বিহারের পক্ষ থেকে সোমবার শুরু হয় নানা অনুষ্ঠান। মঙ্গলবার বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের মাধ্যমে দু'দিনব্যাপী অনুষ্ঠান শেষ হয়েছে।



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

**শখের শিকার।।** *জলপাইগুড়ির ধাপগঞ্জে ছবিটি তুলেছেন নীলকমল রায়।*

## টুকরো খবর

### মঞ্চের দাবি

**পলাশবাড়ি, ১৬ সেপ্টেম্বর :** সম্প্রতি আলিপুরদুয়ার-১ ব্লকের পলাশবাড়িতে ইস্ট-ওয়েস্ট করিডর বা চার লেনের মহাসড়কের কারণে একটি মুক্তমঞ্চ ভাঙা হয়েছে। পুনরায় পলাশবাড়িতে একটি মঞ্চ তৈরির জন্য গণস্বাক্ষরিত আবেদনপত্র দিলেন রাজ্য নাট্য অ্যাকাডেমির সদস্য আলিপুরদুয়ারের পরিতোষ সাহা সহ পলাশবাড়ির অপর দুই নাট্য ব্যক্তিত্ব প্রসেনজিৎ দত্ত ও দিবাকর দত্ত। মঙ্গলবার ডুয়ার্সকন্যায় গিয়ে আলিপুরদুয়ারের জেলা শাসক, জেলা পরিষদের সভাধিপতি, মহকুমার শাসক, বিডিওকে সেই আবেদনপত্র দেওয়া হয়েছে। প্রশাসনের তরফে বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দেওয়া হয়েছে। ওই মঞ্চে প্রতিবছর নাট্য উৎসব, বর্ষবরণ সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠান হত।

### ছুটির আর্জি

**বীরপাড়া, ১৬ সেপ্টেম্বর :** ফুলপাতি উৎসবে চা শ্রমিকদের পূর্ণদিবস ছুটির পাশাপাশি অনুষ্ঠানের আয়োজক সংস্থাগুলিকে পাঁচ লক্ষ টাকা করে অনুদান দেওয়ার দাবি উঠল। মঙ্গলবার মাদারিহাটের বিডিও অমিতকুমার চৌরাসিয়ার মাধ্যমে ওই দাবিপত্র নবান্নে পাঠায় গোর্খা যুব সংগঠন, ফুলপাতি উৎসব আয়োজক কমিটি সহ গোর্খাদের বেশ কয়েকটি সংগঠন। গোর্খা যুব সংগঠনের সভাপতি কিসমত প্রধান বলেন, 'ফুলপাতি একটি বড় এবং তাৎপর্যপূর্ণ অনুষ্ঠান হলেও চা শ্রমিকরা অর্ধদিবস ছুটি পান। ওই ছুটি পূর্ণদিবস করতে হবে। এছাড়া সরকারি ক্যালেন্ডারে ফুলপাতি উৎসব উল্লেখ করতে হবে।' সপ্তমীর দিন ফুলপাতি উৎসব উপলক্ষ্যে পাহাড়, তরাই ও ডুয়ার্সের বিভিন্ন জায়গায় শোভাযাত্রা হয়।

### সংবর্ধনা

**হ্যামিল্টনগঞ্জ, ১৬ সেপ্টেম্বর :** সম্প্রতি পেমা লামা তৃণমূলের কালচিনি ব্লক সভাপতি এবং ভারতী মাহালি তৃণমূল মহিলা কংগ্রেসের ব্লক সভাপতি নির্বাচিত হয়েছেন। মঙ্গলবার হ্যামিল্টনগঞ্জে কালচিনি ব্লক চেম্বার অফ কমার্সের তরফে তাঁদের খাদা পরিয়ে ও ফুলের তোড়া দিয়ে সংবর্ধনা দেওয়া হয়েছে। এছাড়াও তৃণমূলের ব্লকের নতুন কমিটির পদাধিকারীদেরও সম্মান জানানো হয়। এদিন সংগঠনের সাধারণ সম্পাদক রাকেশ পান্ডে, চেয়ারম্যান বালচাঁদ প্রসাদ, ডেপুটি চেয়ারম্যান কৃষ্ণপদ বসুবল প্রমুখ উপস্থিত ছিলেন।

# সাংস্কৃতিক অনুষ্ঠানে মাতবে জোড়াই


জোড়াই আসরপাড়া ক্লাবের দুর্গাপুজোর মণ্ডপ গড়ার কাজ চলছে।

বলো দুগ্গা মাইকি

নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়

**বারবিশা, ১৬ সেপ্টেম্বর :** বারবিশা লাগোয়া জোড়াই আসরপাড়া দুর্গাপুজো কমিটির দুর্গোৎসব এবারে ৪৮তম বর্ষে পড়ল। সপ্তাহখানেক আগে পুজো আয়োজনের তোড়জোড় শুরু হলেও এলাকার কচিকাঁচা এবং মহিলাদের উৎসাহ উদ্দীপনা শুরু হয়েছে অগাস্ট মাস থেকেই। কারণ এবার পুজো ঘিরে প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের আসর বসেছে জোড়াই আসরপাড়ায়। ১২টি বিভাগে নাচ, গান, আবৃত্তি এবং অঙ্কন প্রতিযোগিতা চলছে। ক্লাব কর্তারা অবশ্য বলছেন, এমনটা অবশ্য হয়েছে আসরপাড়ার মহিলাদের জন্য। গৃহবধূ এবং মেয়েরা পুজোর দায়িত্ব নিজেদের কাঁধে তুলে নিয়েছেন। মূলত তাঁদের আগ্রহেই প্রায় দুই মাস আগে থেকেই দেবী মায়ের আগমন ঘিরে জোড়াই আসরপাড়াজুড়ে উৎসাহ আনন্দের পরিবেশ তৈরি হয়েছে।

সত্তরের দশকের মাঝামাঝি তৎকালীন পূর্ত দপ্তরের কর্মী প্রবীর চক্রবর্তীর উদ্যোগে রোজ বিকেলে 'সব পেয়েছির আসর' বসত। সেই স্মৃতিকে আঁকড়ে ধরে রাখতেই এলাকার নামকরণ করা হয় আসরপাড়া।

মা, কাকিমা, জেঠিমা, পিসিমাদের এমন উদ্যোগে বেজায় খুশি বর্ষা দাস, অভীপ্সা বর্মন, গুঞ্জিতা বিশ্বাস, জ্যোতি দাস, দেবস্মিতা সরকার, শুভাঙ্গি তালুকদার, প্রিয়াংশু সরকারদের মতো কচিকাঁচা থেকে শুরু করে সীমা দাস, পল্লবী ভৌমিক, সবাণী আচার্য, পূর্ণিমা দে, তাপসী দাস, মাধুরী সরকারদের মতো মহিলারা। পুজো কমিটির সভাপতি চম্পা দাস বললেন, 'লকডাউনের পর থেকে সাদামাঠাভাবেই পুজোর আয়োজন করা হচ্ছিল। সত্যি কথা বলতে এতে আমাদের মন ভরছিল না। বিষয়টি ক্লাব কর্তৃপক্ষকে জানাতেই পুজোর দায়িত্ব নিতে বলে। আমরা মহিলারা নিজেরা আলোচনা করে সাদরে এই প্রস্তাব গ্রহণ করি। আগ্রহী ২১ জন মহিলাকে নিয়ে পুজো কমিটি গঠন করা হয়। ক্লাবের বয়োজ্যেষ্ঠদের পরামর্শে এবং বাকিদের সহযোগিতায় জাঁকজমকভাবে পুজো আয়োজন করছি।'

পুজো কমিটির সম্পাদক পিংকি বিশ্বাস বলেন, 'এবারে আমাদের বাজেট ৩ লক্ষ ৭০ হাজার টাকা। কাল্পনিক মন্দিরের আদলে ৪০ ফুট উঁচু এবং ৫০ ফুট চওড়া পুজোমণ্ডপ তৈরির কাজ করছেন বিকাশ দে। তাঁকেই আলোকসজ্জার দায়িত্বও দেওয়া হয়েছে। রামপুরের মৃৎশিল্পী উত্তম পালের হাতে গড়া ১০ ফুট উচ্চতার এবং ১৫ ফুট চওড়া প্রতিমা সবার নজর কাড়বে।' রঞ্জন চক্রবর্তী পুজো করবেন। চতুর্থী ও পঞ্চমীর দিন প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের গ্র্যান্ড ফাইনাল হবে।

# মন্দিরে এক টুকরো শরতের আকাশ

এল এল পুজো এল

সুভাষ বর্মন

**পলাশবাড়ি, ১৬ সেপ্টেম্বর :** দুর্গাপুজোর মণ্ডপ তৈরি হচ্ছে। সাংস্কৃতিক অনুষ্ঠানও হবে। তবে এসবের মাঝে এবার আলিপুরদুয়ার-১ ব্লকের পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের পশ্চিম কাঁঠালবাড়ি গ্রামের বিশ্বভারতী ক্লাব ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে। এখন তো সহজেই ফ্লেক্স, পোস্টার পাওয়া যায়। কিন্তু সেসবে না গিয়ে ফালাকাটার শিল্পী তপন শীলকে দিয়ে রংতুলির মাধ্যমে এক টুকরো শরতের আকাশ তুলে ধরা হচ্ছে। এখানে পাকা মন্দির আছে। সেই মন্দিরের দেওয়ালেই ফুটে উঠছে প্রকৃতির রূপ। আগে পুজোর সময় এরকম কাজের কদর ছিল। এখন প্রযুক্তির কারণে রংতুলির চাহিদা নেই।

কিন্তু কেন এই উদ্যোগ? বিশ্বভারতী ক্লাবের সম্পাদক গোপালমোহন শিকদারের কথায়, 'রংতুলির শিল্পীদের গুরুত্ব দিনদিন কমে যাচ্ছে। সবাই এখন কম্পিউটারের ফ্লেক্স বা নকশা দেখতে অভ্যস্ত। কিন্তু তাতে যেন প্রকৃতির বাস্তব রূপ উঠে আসে না। বিষয়টি


রংতুলি দিয়ে শরতের আকাশ তুলে ধরছেন শিল্পী তপন শীল।

কৃত্রিম মনে হয়। তাই আমরা এবার এমন উদ্যোগ নিয়েছি।'

এই ক্লাবের পুজো এবার ৪১তম। সরকারি অনুদানও মেলে। তাই পুজোর সময় চলে গানবাজনা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানও। এজন্য অবশ্য প্যান্ডেল হচ্ছে। তবে যেহেতু স্থায়ী পাকা মন্দির রয়েছে, তাই দুর্গাপুজো সেই মন্দিরেই হয়। আর যেখানে দুর্গা প্রতিমা রাখা হবে সেখানেই সব দেওয়ালে রংতুলির সাহায্যে তুলে ধরা হচ্ছে প্রকৃতি। যেন সেই প্রকৃতির মাঝেই দাঁড়িয়ে থাকবেন দেবী দুর্গা।

এদিকে ক্লাবের এমন উদ্যোগে সবচেয়ে বেশি খুশি মণ্ডপশিল্পী তপন। তাঁর কথায়, 'একসময় দুর্গাপুজোয় বহু কাজের অর্ডার আসত। তখন দম ফেলার সময় পেতাম না। কিন্তু এখন যেন বিপরীত ছবি। তার মধ্যে এবার গ্রামের এক ক্লাবে একটিই পুজোর কাজ পেয়েছি। যত্ন সহকারে দেওয়ালে পেইন্টিংয়ের কাজ করছি। সেখানে শরতের আকশ, গাছপালা, কাশফুল সবই থাকবে।'

# নদীতে সেতুর কাজ, কমল গাড়ি ধোয়ার হিড়িক

সুভাষ বর্মন

**ফালাকাটা, ১৬ সেপ্টেম্বর :** বুধবার বিশ্বকর্মাপুজো। আর যন্ত্রের দেবতার আবাহন করতে দেশজুড়ে প্রস্তুতি তুঙ্গে। কলকারখানা, কারিগর, মিস্ত্রি, গাড়িচালকরা এখন পুজো নিয়ে ব্যস্ত। প্রতি বছর পুজোর দিন বা তার আগের দিন গাড়ি বা যন্ত্রপাতি ধুয়ে পরিষ্কার করে বিশ্বকর্মা দেবের সামনে দেওয়ার রীতি রয়েছে। গত পাঁচ-ছয় বছর পর এবার বিশ্বকর্মাপুজোর আগের দিনের ছবিটা বদলে গেল। এখন ফালাকাটা-আলিপুরদুয়ার সড়কের চরতোর্ষা, বুড়িতোর্ষা, গিরিয়া, সনজয়, শিলতোর্ষা নদীতে মহাসড়কের পাকা সেতুর কাজ চলছে। সেখানে পড়ে আছে নির্মাণসামগ্রী। নদীর ঘাটও নেই। তাই এবড়োখেবড়ো জায়গায় এবার গাড়ি ধোয়ার হিড়িক দেখা গেল না। তবে রাস্তার ধারে না পারলেও মঙ্গলবার চাষের জমির ধারে বুড়িতোর্ষা নদীতে কিছু ধোয়ার কাজ করতে দেখা গেল অনেককে।

বিশ্বকর্মাপুজোর আগের দিন এই পাঁচ নদীর বুকে নামিয়ে গাড়ি ধোয়ার কাজ চলত। এতে গাড়ির কালি, তেল, মোবিল নদীর জলে মিশে দূষণ ছড়াত। এবার পরিবহণকর্মীরা সেতুর কাজের কারণে সেটা করতে পারলেন না। শিশাগোড়ের বাসচালক হীরা সরকারের কথায়, 'এবার বাড়িতেই মোটরের জল দিয়ে গাড়ি ধোয়ার কাজ করেছি। কারণ, নদীর পাশে গাড়ি নামানোর জায়গা ছিল না।'

কালীপুরের ট্র্যাক্টরচালক শিবেন বর্মন বুড়িতোর্ষা ও চরতোর্ষা নদীতে গিয়ে গাড়ি নিয়ে ফিরে আসেন। শিবেনের কথায়, 'প্রতি বছর নদীতেই গাড়ি ধুয়ে থাকি। এবার সেতুর কাজ চলায় কোনওভাবেই নদীর ধারে ট্র্যাক্টর নামাতে পারিনি।'

ফালাকাটার বংশীধরপুরের রতন দাসের ছোট পণ্যবাহী গাড়ি রয়েছে। মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত কাজে ব্যস্ত। বুধবার বিশ্বকর্মাপুজো উপলক্ষ্যে এদিন বিকেলে গাড়ি ধুতে চরতোর্ষা নদীতে আসেন। কিন্তু এখানে পাশাপাশি দুটি সেতুর কাজ চলছে। তাই কোনওভাবে নদী চত্বরে গাড়ি নামাতে পারেননি।

রতনের কথায়, 'গতবারও নদীতে গাড়ি নামিয়ে ধুয়েছিলাম। এবার পারলাম না। তাই পরে বাড়িতেই গাড়ি ধোয়ার কাজ করতে হয়।' এতে নদীর জলে যে দূষণ বাড়ে, তা নিয়ে ভাবেন না পরিবহণকর্মীরা। তাঁদের যুক্তি, নদীর জলে গাড়ি ধোয়ার কাজটি সহজেই সম্পন্ন হয়।

পশ্চিম কাঁঠালবাড়ির ছোট যাত্রীবাহী গাড়ির চালক গোবিন্দ সরকারও এদিন বিকেলে গিরিয়া নদীতে গাড়ি নিয়ে যান। তাঁকেও ফিরে আসতে হয়। গোবিন্দ বলেন, 'নদীর জলে সহজেই গাড়ি ধোয়া হয়ে যেত। কিন্তু এবার সেতুর কাজের জন্য পারলাম না।'

তবে পরিবহণকর্মীদের এজন্য কিছু অসুবিধা হলেও নদী দূষণের মাত্রা কমে যাওয়ায় পরিবেশপ্রেমীরা খুশি। ফালাকাটা কলেজের ভূগোলের অধ্যাপক শান্তনু রায় বলেন, 'নদীগুলির বাস্তুতন্ত্র এবার রক্ষা পেল। তা না হলে প্রতিবার গাড়ির তেল, কালিতে জলে দূষণের মাত্রা বেড়ে যেত।'




আগে এভাবে নদীতে গাড়ি ধোয়া হত। (ডানে) ইদানিং চাষের জমি দিয়ে নামিয়ে নদীতে ট্র্যাক্টর ধোয়া হচ্ছে।

# বৃষ্টি মাথায় আয়োজন



কুমোরটুলি থেকে মণ্ডপে নিয়ে যাওয়া হচ্ছে বিশ্বকর্মা প্রতিমা। মঙ্গলবার আলিপুরদুয়ারে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী

## রোদ উঠতেই মণ্ডপের পথে প্রতিমা

**সায়ন দে**

**আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর :** বুধবার বিশ্বকর্মাপুজো। কিন্তু সোমবার রাত থকে আবহাওয়ার খামখেয়ালিপনার জন্য চিন্তিত ছিলেন মৃৎশিল্পীরা। তাঁদের কপালে চিন্তার ভাঁজ মঙ্গলবার সকালেও বর্তমান ছিল। কিন্তু এদিন দুপুর থেকে আকাশ পরিষ্কার হওয়ায় পুজোর বাজার ছন্দে ফেরে। শোভাগঞ্জ সংলগ্ন নোনাই পালপাড়ার কুমোরটুলিতে বৃষ্টি থামতেই ব্যাপক ভিড় দেখা যায়। বিশ্বকর্মার মূর্তি কিনতে ভিড় জমান ক্রেতারা। অনেকে বড় গাড়ি নিয়ে কুমোরটুলি থেকে প্রতিমা নিয়ে যাবেন বলে। অনেকে আবার বৃষ্টির আশঙ্কায় প্লাস্টিক এবং ত্রিপল নিয়ে মূর্তি কিনতে এসেছিলেন। মৃৎশিল্পী অংশ পাল বলেন, 'এবছর পুজোর আগে কাজের চাপ অনেকটাই বেশি। তবে সকাল থেকে যেভাবে বৃষ্টি হচ্ছে তাই মানুষ সকালে তেমনভাবে ভিড় না জমালেও দুপুর থেকে আবহাওয়ার কিছুটা পরিবর্তন হতেই বিশ্বকর্মা মূর্তি কিনতে ভিড় জমাচ্ছেন। বৃষ্টির আশঙ্কায় তাঁরা দুপুরেই প্রতিমা নিয়ে যাচ্ছেন।' প্রতিমা নিতে এসেছিলেন নিউটাউন এলাকার বাসিন্দা মাধব চন্দ্র। তাঁর কথায়, 'বাড়িতে ছোট করে পুজো করি। বৃষ্টি থামতেই চলে এসেছি ঠাকুর কিনতে। ছোট আকারের মূর্তি নিয়ে যাব।' চৌপথি এলাকার এক কারখানার মালিক রোহিত মল্লিক বলেন, 'কারখানায় বড় করেই পুজো হয়। মণ্ডপও প্রায় শেষ। বৃষ্টি নামছে যখন-তখন তাই ঝুঁকি না নিয়ে আগেভাগেই প্রতিমা নিতে এসেছি। আগামীকাল যেহেতু সকালবেলায় পুজো তাই যতটা সম্ভব কাজ এগিয়ে রাখলাম।'

এদিন ফলের বাজারে দাম বেশ কিছুটা ঊর্ধ্বমুখী ছিল। বৃষ্টি থামতেই পুজোর সামগ্রী কিনতে দশকর্মার দোকানগুলোয় ভিড় উপচে পড়ে। আবহাওয়ার খামখেয়ালিপনায় চিন্তিত ছিলেন অনেকেই। সপ্তাহের মাঝে বিশ্বকর্মাপুজো। একে কাজের ফাঁকে পুজোর জোগাড় তার ওপর বৃষ্টিতে অনেকেই প্রমাদ গুনছিলেন।

অনেক বাড়ি এবং কারখানায় বিশ্বকর্মাপুজোর আয়োজন করা হয়। কেউ পুজোর দিন নিজেদের কারখানায় পুজো করেন আবার কেউ তাঁদের বাইক, গাড়ি ধুয়ে বাড়িতে পুজো করেন। আবহাওয়ার খামখেয়ালিপনায় তাঁরা সবাই একটু ভয়েই ছিলেন। কিন্তু আকাশ পরিষ্কার হতেই ছন্দে ফেরে পুজোর বাজার। স্টেশনপাড়া এলাকায় প্রতিমা সাজিয়ে বিক্রি করছিলেন মৃৎশিল্পী রানা পাল। তিনি বলেন, '৩০০ টাকা থেকে শুরু ৩ হাজার ৪ হাজার টাকারও মূর্তি রয়েছে। তবে সকালে বৃষ্টি থাকায় ব্যবসা কিছুটা মার খেয়েছে।' ঠাকুর কিনতে এসেছিলেন সুদীপ সরকার। তিনি বলেন, 'বৃষ্টি থামতেই ঠাকুর কিনতে এলাম।'

প্রস্তুতি শেষ, এবার শুধু অপেক্ষা পুজো এবং আকাশে ঘুড়ির লড়াইয়ের।

## আজ থেকে দুর্গোৎসবের মেজাজ ফালাকাটায়

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ১৬ সেপ্টেম্বর :** বিশ্বকর্মাপুজোর দিন থেকেই ফালাকাটায় জোরকদমে শুরু হয়ে যায় দুর্গাপুজোর কেনাকাটা। তাই শহরে বিশ্বকর্মাপুজো নিয়ে একটা আলাদা উন্মাদনা থাকে। এবারও তার ব্যতিক্রম হচ্ছে না। এবার ফালাকাটা শহরে বেশ কয়েকটি বড় আকারের বিশ্বকর্মাপুজোর আয়োজন করা হয়েছে। সেইসঙ্গে পাশাপাশি গলিঘুঁজিতে বহু ছোটখাটো পুজোর আয়োজন তো রয়েছেই।

ফালাকাটা শহর সবচেয়ে বড় বিশ্বকর্মাপুজোর আয়োজন করা হয় ট্রাফিক মোড়ে। নর্থবেঙ্গল মোটরকর্মী সংঘ এই পুজোর আয়োজক। এবার তাদের পুজোর ৬৬ বছর। সংগঠনের সম্পাদক চন্দন মিত্র বলেন, 'এই এলাকার সবচেয়ে বড় মণ্ডপ এবং বিশ্বকর্মার প্রতিমা আমাদের এখানেই হয়ে থাকে। পুজো উপলক্ষ্যে প্রায় ৮ কুইন্টাল চাল ও ডালের খিচুড়ির আয়োজন আমরা করেছি। ট্রাফিক মোড়ে পুজোর প্যান্ডেল করা হয়েছে।'

ফালাকাটাতে ক্ষুদ্র পণ্য পরিবহণ কল্যাণ সমিতির উদ্যোগে বিশ্বকর্মাপুজো করা হবে। এর জন্য ইতিমধ্যেই হাসপাতাল রোডে মণ্ডপ বানানো হয়েছে। অপরদিকে, ট্রান্সপোর্ট টোটো ইউনিয়নের পক্ষ থেকেও বিশ্বকর্মাপুজো করা হচ্ছে। পাশাপাশি ফালাকাটা ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন, বাস মালিক সংগঠন, ফালাকাটা স্বর্ণ ব্যবসায়ী সমিতির পক্ষ থেকেও নেতাজি রোডে পুজোর আয়োজন করা হয়েছে। আইএনটিটিইউসি'র ফালাকাটা টাউন ব্লক সভাপতি অশোক সাহা বলেন, 'সদস্যদের থেকে সামান্য চাঁদা নিয়ে আমরা এবার পুজোর আয়োজন করেছি। সংগঠনের বিভিন্ন ইউনিটে আমরা পুজো করছি। ফালাকাটা পুরসভাতেও এবার প্রথম বিশ্বকর্মাপুজো করা হবে।'

ফালাকাটার ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা গেল, শহরের ট্র্যাডিশন মেনে এবারও বিশ্বকর্মাপুজোর দিন থেকেই শহরে দুর্গাপুজোর কেনাকাটা শুরু হয়ে যাবে বলে তাঁরা আশবাদী। পুজোর দিন সন্ধ্যার পর অনেকেই ঠাকুর দেখতে বের হন। সেখান থেকে চলে যান বাজারে।

কাপড়ের ব্যবসায়ী পার্থ সাহা বলেন, 'প্রতি বছর বিশ্বকর্মাপুজোর সন্ধ্যার পর থেকে ভালোই বিক্রিবাটা হয়। এবারও তাই হবে বলে আশায় আছি।'

আর পবন সূত্রধরের মতো রেডিমেড কাপড় বিক্রেতারা তো পুজোর জন্য দোকানে মাল তুলেছেন। এখন অপেক্ষায় রয়েছেন বিশ্বকর্মাপুজোর পর আগামী এক সপ্তাহে বাজার জমে ওঠার জন্য। পবন বললেন, 'এবার তো আগে দুর্গাপুজো। বিশ্বকর্মাপুজোর পর আর হাতে সময়ই থাকবে না। আশা করছি বাজার চাঙ্গা হবে।'



## বীরপাড়ায় সাংসদের বাড়ি 'পরিদর্শনে' হাতি

**বীরপাড়া, ১৬ সেপ্টেম্বর :** আবার বীরপাড়া শহরে ঢুকে পড়ল হাতি। সোমবার রাত সওয়া ১টা নাগাদ বীরপাড়ার হলদিবাড়ি লাইনে সাংসদ মনোজ টিগ্গার বাড়ির সামনে একটি হাতিকে পায়চারি করতে দেখা যায়। সিসি ক্যামেরায় ধরা পড়েছে ওই ছবি। অবশ্য কোনও ক্ষয়ক্ষতি হয়নি। মঙ্গলবার সিসি ক্যামেরার ফুটেজ সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেন সাংসদ। হাতির হানার খবরে আতঙ্ক ছড়িয়েছে ওই এলাকায়।

ব্লকের জঙ্গল লাগোয়া এলাকা ও চা বাগানগুলিতে হাতির সঙ্গেই সহাবস্থান মানুষের। তবে গত ৫ বছর ধরে বীরপাড়া শহরেও ঢুকে পড়ছে হাতি। মাঝে মাঝে বাড়িঘর, দোকানপাট ভাঙচুর করছে। গত ৭ সেপ্টেম্বর সারদাপল্লিতে একপাল হাতি ঢুকে একটি দোকানে শাটার ভেঙে চাল সাবাড় করে। তার আগে ৩০ মে রাতে কলেজপাড়ায় হানা দিয়েছিল একজোড়া হাতি। মনোজের পাড়াতেও এর আগে হাতি ঢুকেছে। সাংসদ বলছেন, '২ বছর আগে আমাদের মহল্লায় ৪০-৪৫টি হাতির একটি পাল ঢুকেছিল।' বারবার এমনটা হচ্ছে কেন? সাংসদের ব্যাখ্যা, এলাকায় হাতি চলাচলের করিডর রয়েছে। বীরপাড়ায় আগে এত বাড়িঘর ছিল না। বর্তমানে হাতির করিডরে বাড়িঘর তৈরি হওয়ার পরে হাতি চলাচলে সমস্যা হচ্ছে।'

## বিডিও অফিসে সিপিএমের অবস্থান

**ফালাকাটা, ১৬ সেপ্টেম্বর :** একশো দিনের কাজের দাবি, বঞ্চিত গরিব মানুষদের আবাস যোজনার টাকা প্রদান, নিয়মিত ও যোগ্যদের ভাতা প্রদান সহ আরও একাধিক দাবি নিয়ে অবস্থান বিক্ষোভ করল সিপিএম। মঙ্গলবার সিপিএমের পক্ষ থেকে ফালাকাটা বিডিও অফিসে সেই কর্মসূচি পালন করা হয়।

এদিন সিপিএমের ফালাকাটা ১ নম্বর এরিয়া কমিটির পক্ষ থেকে মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। সেই মিছিলে এসআইআর-এর নামে সাধারণ মানুষকে আতঙ্কিত না করা এবং ফালাকাটাকে মহকুমা ঘোষণার দাবিও তোলা হয়। মিছিল শেষে বিডিও অফিসে অবস্থান বিক্ষোভ করে স্মারকলিপি তুলে দেওয়া হয়। এদিন মিছিল ও অবস্থান বিক্ষোভে উপস্থিত ছিলেন দলের জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য নেপাল গোপ, আতিউল হক, জেলা সদস্য নৃপেন খাসনবিশ, দীনবন্ধু বর্মন, কিশোর রায় সহ অন্যরা।

## কলেজে বিদায় সংবর্ধনা

**ফালাকাটা, ১৬ সেপ্টেম্বর :** মঙ্গলবার ফালাকাটা কলেজের ইংরেজি বিভাগের ষষ্ঠ সিমেস্টারের পড়ুয়াদের বিদায় সংবর্ধনা দেওয়া হয়। এদিন ইংরেজি বিভাগের শ্রেণিকক্ষে তৃতীয় ও পঞ্চম সিমেস্টারের পড়ুয়ারা এই অনুষ্ঠানের আয়োজন করেন। উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ডঃ প্রদীপকুমার অধিকারী এবং বিভাগের সমস্ত শিক্ষক। এই অনুষ্ঠানে বিদায়ি পড়ুয়ারা স্মৃতিচারণা করেন।




জেলা হাসপাতাল সংলগ্ন এই এলাকায় রাখা যাবে বাইক।

# শহর পেল প্রথম পার্কিং জোন

**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর :** দিনের পর দিন বাড়ছে জনসংখ্যা। পাল্লা দিয়ে গাড়ির সংখ্যাও কম নয়। ফলে শহরের রাস্তায় যানজটও বাড়ছে। সেই সমস্যা রুখতে মঙ্গলবার গুরুত্বপূর্ণ উদ্যোগ নিল আলিপুরদুয়ার পুরসভা। শহরে এই প্রথম একটি পার্কিং জোন তৈরি হল। ১৩ নম্বর ওয়ার্ডে আলিপুরদুয়ার জেলা হাসপাতাল সংলগ্ন এলাকায় এদিন পার্কিং জোনটির আনুষ্ঠানিক উদ্বোধন হয়। যার জেরে সকাল থেকেই এলাকা জমজমাট ছিল। আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর, ভাইস চেয়ারপার্সন মাম্পি অধিকারী, ১৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার আনন্দকুমার জয়সওয়াল সহ অন্যান্য ওয়ার্ডের কাউন্সিলার, আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক প্রসেনজিৎ দে এবং বিশিষ্ট চিকিৎসক সৌম্যজিৎ দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন। তার সঙ্গে আরও চারটে পার্কিং জোন তৈরির পরিকল্পনার কথা এদিন পুরসভার তরফে জানানো হয়েছে।

ফিতে কেটে, নারকেল ফাটিয়ে ও গণেশপুজোর মাধ্যমে অনুষ্ঠানের শুভসূচনা হয়। প্রায় ৫০ জনের অংশগ্রহণে একেবারে উৎসবের আবহ ছিল। পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ বলেন, 'এটি আলিপুরদুয়ারের প্রথম পার্কিং জোন। তবে আমরা এখানেই থেমে থাকব না। কলেজ হল্ট, মাধব মোড়, শামুকতলা রোড এবং ১৩ নম্বর ওয়ার্ডের আরেকটি জায়গায় নতুন পার্কিং জোন গড়ে তোলার বিষয়ে আমাদের পরিকল্পনা রয়েছে। প্রশাসনিক স্তরে আলোচনা করে খুব শীঘ্রই আমরা পরবর্তী পদক্ষেপ করব।'

দীর্ঘদিন ধরেই শহরের ব্যবসায়ীদের একটি ঠিকঠাক পার্কিং ব্যবস্থা তৈরির দাবি ছিল। এদিন আলিপুরদুয়ার টাউন ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক প্রসেনজিৎ দে বলেন, 'শহরের মূল ব্যবসায়িক এলাকায় পার্কিং না থাকায় প্রতিদিনই যানজটের মুখে পড়তে হত। হাসপাতালের সামনে, চৌপথি কিংবা বাজার এলাকায় মানুষের হাঁটাচলা করাই দুষ্কর হয়ে উঠছিল। এই উদ্যোগে কিছুটা হলেও স্বস্তি মিলবে।' প্রয়োজনে পুরসভার সঙ্গে মিলে প্রাইভেট পার্কিং জোন তৈরিতেও রাজি ব্যবসায়ী সমিতি। চৌপথি ও তার আশপাশে ফাঁকা জায়গায় তা বানানো যেতে পারে বলেও তিনি পরামর্শ দেন।

১৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার আনন্দকুমার জয়সওয়াল জানিয়েছেন, পার্কিং জোন পরিচালনার দায়িত্ব এলাকাবাসীই নেবেন। নির্ধারিত হারে অর্থ নেওয়া হবে। সাইকেলের জন্য ৫ টাকা, বাইকের জন্য ১০ টাকা এবং চার চাকার গাড়ির জন্য ২০ টাকা। এর ফলে এলাকায় কর্মসংস্থানও তৈরি হবে বলেই তাঁর মত। এদিকে, এমন উদ্যোগে স্থানীয়রাও খুশি। শহরের বাসিন্দা গৌতম দাসের মন্তব্য, 'হাসপাতালের সামনে প্রতিদিন গাড়ির ভিড় লেগে থাকে। আজ থেকে অন্তত একটা সুষ্ঠু ব্যবস্থা হল।' আবার ব্যবসায়ী রঞ্জিত সরকার জানান, যানজট কমলে ক্রেতারা আরও স্বাচ্ছন্দ্যে বাজারে আসবেন। তবে সকলেরই মতে, এই একটিমাত্র পার্কিং জোনে শহরের সমস্যা কিছুটা মিটলেও পুরোপুরি সমাধান হবে না। আরও বিস্তৃত পরিকল্পনা ও তার বাস্তবায়নই যানজট থেকে আলিপুরদুয়ারকে রক্ষা করতে পারে। পুরসভা অবশ্য সেই পথেই এগোচ্ছে বলে এদিন চেয়ারম্যান জানান। পুজোর আগে এই উদ্যোগ শহরবাসীর জন্য নিঃসন্দেহে বড় পাওনা।

**খুশি শহরবাসী**

- ১৩ নম্বর ওয়ার্ডে আলিপুরদুয়ার জেলা হাসপাতাল সংলগ্ন এলাকায় এদিন পার্কিং জোনটির আনুষ্ঠানিক উদ্বোধন হয়
- সাইকেলের জন্য ৫ টাকা, বাইকের জন্য ১০ টাকা এবং চার চাকার গাড়ির জন্য ২০ টাকা নেওয়া হবে
- কলেজ হল্ট, মাধব মোড়, শামুকতলা রোড এবং ১৩ নম্বর ওয়ার্ডের আরেকটি জায়গায় নতুন পার্কিং জোনের পরিকল্পনা রয়েছে পুরসভার
- সমস্যা এড়াতে প্রয়োজনে পুরসভার সঙ্গে মিলে প্রাইভেট পার্কিং জোন তৈরিতেও রাজি ব্যবসায়ী সমিতি



বৃষ্টির ভয়ে পলিথিন শিটের আবরণে ঢাকা পড়েছে প্রতিমা। মঙ্গলবার আলিপুরদুয়ারে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী

# তাপ্পির ভরসায় নিত্যদিন যাতায়াত

**দামিনী সাহা**

**আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর :** পুজোর আগে প্রতিবছর তাপ্পি দিয়ে গর্ত বোজানো হয়। কিন্তু গত বছর পাঁচেকের মধ্যে মায়া টকিজ রোড সুষ্ঠুভাবে সংস্কার করা হয়েছে কি না, সেকথা মনে করতে পারছেন না স্থানীয়রা। সকালবেলা স্কুলগামী ছাত্রছাত্রী থেকে শুরু করে হাতে বাজারের ব্যাগ নিয়ে হাটখোলা থেকে ফেরা গৃহিণী কিংবা অফিসগামী চাকরিজীবী- সকলেরই ভরসার রাস্তা এই মায়া টকিজ রোড। ১১, ১২ ও ১৮ নম্বর ওয়ার্ডের মধ্যে দিয়ে বিস্তৃত এই সড়কটি শহরের অন্যতম গুরুত্বপূর্ণ রাস্তা। অথচ এর প্রতিটি মোড় যেন বিপদের ফাঁদ। বড় বড় গর্ত, তাতে জমে থাকা নোংরা জল, আর তার মধ্যে চাকা পড়লেই অবধারিত দুর্ঘটনা।

চৌপথি থেকে মায়া টকিজ হয়ে দুর্গাবাড়ি পর্যন্ত রাস্তাটির দুরবস্থা বহু বছর ধরে। স্থানীয় বাসিন্দারা জানালেন, পুজোর আগে তাপ্পি দিয়ে এই রাস্তা যেভাবে মেরামত করা হয়, তা বেশিদিন টেকে না। পুজো পার হতে না হতেই ফের ভেঙে যায়।

এই রাস্তার ধারে রয়েছে আলিপুরদুয়ারের মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তর, জেলা পরিষদ ভবন, গার্লস হাইস্কুল, হাইস্কুল, পশু হাসপাতাল ইত্যাদি। এমনকি এখান দিয়েই যেতে হয় আলিপুরদুয়ার স্টেশন, হাটখোলা, দুর্গাবাড়ি কিংবা বীরপাড়া। প্রতিদিন হাজারো মানুষ, পড়ুয়া থেকে ব্যবসায়ী, সবাইকে এই ভাঙাচোরা পথ দিয়ে যাতায়াত করতে হয়।



স্থানীয় বাসিন্দা সুশীল সরকার বলেন, 'প্রতিদিন বাচ্চাদের নিয়ে স্কুলে যাওয়ার সময় ভয় হয়। যে কোনও মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। শুধু পুজোর আগে একটু মাটি ফেলে দিলেই তো রাস্তা সংস্কার করা হয় না।' আরেক বাসিন্দা অনির্বাণ রায় অভিযোগ করেন, 'এতগুলো গুরুত্বপূর্ণ দপ্তর আর স্কুল থাকার পরও কেন এই রাস্তার এই হাল?'

এই রাস্তার রক্ষণাবেক্ষণ নিয়ে প্রশাসনের ভেতরেই তৈরি হয়েছে বিভ্রান্তি। আলিপুরদুয়ার পুরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর বলেন, 'আগে রাস্তাটি পিডব্লিউডির অধীনে ছিল। তাই পুনর্নির্মাণ বা বড় মেরামতির দায়িত্ব তাদেরই ছিল। কিন্তু এখন তারা বলছে, এটি পুরসভারই রাস্তা।' তবে চেয়ারম্যানের আশ্বাস, 'আমরা প্রতি বছর মেরামত করি। কিন্তু রাস্তার স্থায়ী সংস্কার করা হয়নি। আশা করছি, কয়েক মাসের মধ্যেই পুরো রাস্তাটির সংস্কার করা হবে।'

রাস্তার বেহাল দশা নিয়ে এলাকাবাসীর মধ্যে যে ব্যাপক ক্ষোভ রয়েছে, সেকথা মেনে নিয়েছেন ১১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার পার্থ সরকার এবং ১৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার অরূপা রায়।

বর্তমানে সেখানে গর্ত ভরাটের জন্য বালি-পাথরের মিশ্রণ দিয়ে অস্থায়ী মেরামতির কাজ চলছে। চেয়ারম্যানের দাবি, পরবর্তীতে এর উপর পিচ ঢালাই করা হবে। তবে বৃষ্টির কারণে কাজের গতি মন্থর।

## স্মারকলিপি

**আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর :** পানীয় জল উত্তোলন ও সরবরাহের কাজে নিযুক্ত পাম্প ও ভালভ অপারেটরদের কর্মক্ষেত্রে পরিকাঠামোগত উন্নয়ন ও বকেয়া টাকা প্রদান সহ একাধিক দাবি জানিয়ে মঙ্গলবার স্মারকলিপি প্রদান করল পানীয় জল পাম্প অপারেটর কর্মী ইউনিয়ন। এদিন সিভিল ও মেকানিক্যাল, দুই দপ্তরে একাধিক দাবি তুলে ধরে সংগঠনের নেতৃত্ব।

পাম্প অপারেটরদের মজুরি কেন্দ্রীয় সরকারের তরফে সরাসরি প্রদান করার দাবি তোলেন তাঁরা। এছাড়াও, পাম্প অপারেটরদের নিয়োগে রাজনৈতিক হস্তক্ষেপ বন্ধ করা, মজুরির পে স্লিপ প্রদান, পিএফ, ইএসআইসি প্রদান ইত্যাদি দাবি তুলে ধরা হয়। বেতনের সমস্যা শীঘ্রই মিটবে বলে আশ্বাস পিএইচই-র এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার ধীরাজ মণ্ডলের।

## রক্তদান

**কামাখ্যাগুড়ি, ১৬ সেপ্টেম্বর :** মঙ্গলবার কামাখ্যাগুড়ি সোশ্যাল ওয়েলফেয়ার অর্গানাইজেশনের ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে মোট ১২ জন রক্তদান করেন। এই শিবিরে বিশিষ্ট সমাজকর্মী প্রয়াত শ্যামাপ্রসাদ দত্ত রায়ের স্মৃতিচারণ করা হয়।

# মণ্ডপে মিলবে জীবনের পাঠ

এল এল পুজো এল

**আয়ুষ্মান চক্রবর্তী**

**আলিপুরদুয়ার, ১৬ সেপ্টেম্বর :** অহংকারই পতনের মূল কারণ। সবসময় অহংবোধ নিয়ে চললে জীবনে কখনও কেউ সফল হতে পারে না। সেই সঙ্গে জীবনে প্রতিষ্ঠিত হতে গেলে একটা লক্ষ্য থাকা বাঞ্ছনীয়। কীভাবে এমন মানসিকতা থেকে মুক্তি মিলতে পারে, সেই বার্তা এবার দেবে আলিপুরদুয়ার শহরের ভ্রাতৃ সংঘ ক্লাব। এবছর সেই ক্লাবের পুজোর থিম আত্মশুদ্ধি।

তাদের মণ্ডপের উচ্চতা হবে ১৮ ফুট। কাগজ, প্লাই, টিন, খড়, মাটি, কাপড়, লোহা সহ ৪০ রকমের সামগ্রী দিয়ে সেই মণ্ডপ তৈরি হচ্ছে। উদ্যোক্তারা জানালেন, সেখানে উত্তরপ্রদেশের কাশীর ঘাটগুলোর ছবি তুলে ধরা হবে। সেইসঙ্গে গঙ্গার চিত্রও ফুটে উঠবে। পাশাপাশি নৌকাবিহার এবং সন্ধ্যারতির চিত্রও ফুটিয়ে তোলা হবে। আর মণ্ডপ চত্বরে থাকবে শ্রীযন্ত্রম। হিন্দু ধর্ম অনুযায়ী এই শ্রীযন্ত্রম একটি জ্যামিতিক নকশা যা লক্ষ্মীলাভ, ধনলাভ এবং জ্ঞানার্জনের জন্য ব্যবহৃত হয়। শ্রীযন্ত্রমের সামনে সাধুর মূর্তি ঘুরতে থাকবে। আর মণ্ডপে ঢোকার মুখে এক পাশে কাশীর ম্যাপ এবং অন্য পাশে কাশীতে গঙ্গায় এক মহিলা পুজো করছেন সেই চিত্র তুলে ধরা হবে ওয়াল আর্টের মাধ্যমে।

ক্লাব সম্পাদক গৌতম সেন বললেন, 'এবছর আমাদের ৪৭তম বর্ষের পুজো। প্রতিবারের মতো এবারেও খুব ভালো করে পুজো হবে। মণ্ডপের কাজ অনেকদূর এগিয়ে গিয়েছে।' মণ্ডপে থাকবে থিমনির্ভর প্রতিমা। সেই প্রতিমাও মণ্ডপেই তৈরি হচ্ছে। উচ্চতা ১০ ফুট। কলকাতা থেকে এসে মৃৎশিল্পীরা সেই প্রতিমা তৈরি করছেন। আর আলোকসজ্জার ক্ষেত্রেও নতুনত্ব থাকবে বলে দাবি উদ্যোক্তাদের। চতুর্থীর দিন উদ্বোধন হবে পুজোর। অষ্টমীর দিন ভোগ বিতরণ হবে। সেইসঙ্গে বস্ত্র বিতরণও থাকবে। এবারে তাদের বাজেট আনুমানিক ৭ লক্ষ টাকা।



ভ্রাতৃ সংঘ ক্লাবের মণ্ডপ সাজানোর কাজ চলছে।

গত দেড় মাস ধরে রাতদিন এক করে মণ্ডপের কাজ করে চলেছেন ১০ জন শিল্পী। থিম নিয়ে ভাবনার কথা জানতে চাইলে মণ্ডপশিল্পী অখিলেশ নস্কর বললেন, 'বর্তমান যুবসমাজের কোনও লক্ষ্য তেমন থাকছে না। যার ফলে এগোতে পারছে না। আর কোনও ভুল করলে আত্মশুদ্ধি প্রয়োজন। তাদের কথা বলতেই এবার এই থিম করা হচ্ছে।' ক্লাব সদস্য রাজদীপ দে, উৎসব কর্মকাররা জানালেন, পুজোর কয়েকটা দিন তাঁরা সকলে মিলে আনন্দ করে কাটান। এবারও তার ব্যতিক্রম হবে না।

